

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা পিরোজপুর জেলাধীন মঠবাড়ীয়া উপজেলার ০২ নং ধানীসাফা ইউনিয়নের সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ১৫ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক ০২ নং ধানীসাফা ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের গ্রাম পুলিশের শূন্যপদে ১(এক) জন গ্রাম পুলিশ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য অস্থায়ী প্রার্থীগণকে শর্তাবলী মোতাবেক আগামী ১৪/০৩/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের প্রকৃত নাগরিক ও স্থায়ী বাসিন্দার নিকট থেকে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :-

- ০১। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- ০২। জাতীয় পরিচয়পত্র ও জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
- ০৩। শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
- ০৪। একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সন্যতোলা ও(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি।
- ০৫। চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
- ০৬। প্রার্থীর বয়সসীমা ১৪-০৩-২০১৯ তারিখ পর্যন্ত ২০ বছর হতে ৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের জন্য বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৭। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী পাস হতে হবে।
- ০৮। উচ্চতা ৫ ফুট ৩ ইঞ্চি, বৃকের মাপ ৩২ ইঞ্চি, ওজন কমপক্ষে ১০০ পাউন্ড হতে হবে।
- ০৯। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ১০। মৃত/অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশের যোগ্য সন্তানদের অধাধিকার দেওয়া হবে।
- ১১। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ কিংবা বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ১২। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ,ডিএ দেওয়া হবে না।

জি.এম. সরফরাজ

উপজেলা নির্বাহী অফিসার
মঠবাড়ীয়া, পিরোজপুর।
unomathbaria@gmail.com

স্মারক নং- ০৫.১০.৭৯৫৮.০০৬.১১.০০৫.১৯- ২২

তারিখ: ১২ ফাল্গুন, ১৪২৫
২৪ ফেব্রুয়ারি, ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, পিরোজপুর। [সদয় অবগতির জন্য]।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মঠবাড়ীয়া, পিরোজপুর। [সদয় অবগতির জন্য]।
- ৪। অফিসার ইন-চার্জ, মঠবাড়ীয়া থানা।
- ৫। চেয়ারম্যান, ০২ নং ধানীসাফা ইউনিয়ন পরিষদ, মঠবাড়ীয়া, পিরোজপুর। [তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
- ৬। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ৭। অফিস কপি।